



**BASIC Bank Limited**

(Bangladesh Small Industries and Commerce Bank Limited)

**Head Office**

**বেসিক ব্যাংক লিমিটেড**

(বাংলাদেশ স্মল ইন্ডাস্ট্রিজ এন্ড কমার্স ব্যাংক লিমিটেড)

**Green Banking Policy Implementation & CSR Unit**

Date: 9<sup>th</sup> June, 2016

Ref: BASIC/HO/GBPICSRU/2016/01/9384

**To: All Branch In-Charges and Divisional In-Charges of BASIC Bank Limited.**

**Subject: Environmental initiatives for construction of project and expansion of business center as well as utilization of climate risk fund of the Bank.**

Bangladesh Bank is continuously pursuing for taking various environment friendly initiative vide SFD circular no-01 dated: 11.05.2016. Recently, Honorable Prime Minister of Peoples Republic of Bangladesh has also given instruction at the meeting of National Economic Council to install Solid Waste Management System, Rainwater Harvesting and Solar Power Panel in all structure.

All scheduled banks & financial institutes have been directed by Bangladesh Bank to ensure number of issues like- installation of Solid Waste Management System, Rainwater Harvesting & Solar Power Panel in opening new business center both for rented or leased premises within December 31, 2020. Solid Waste Management System, Rainwater Harvesting (to preserve the rain water and use in summer season) also needed to be ensured in extending Loans & Advances as well as in providing grant.

Concessional rate of interest or grants may be considered to set up Solid Waste Management System, Rainwater Harvesting and Solar Power Panel to the Organizations (Profit or Not-for-profit) who are providing educational or medical treatment facilities to the underprivileged or disadvantaged peoples at comparatively less cost.

In view of the above all branches are advised to scout environment friendly project following guidelines mentioned in the above circular of SFD. All loan sanctioning divisions and Establishment Division are also advised to ensure the above mentioned issues (as applicable) while sanctioning loans & advances.

Sustainable Finance Department of Bangladesh Bank Circular No -01 dated- 11.05.2016 is enclosed herewith for your ready reference and meticulous compliance.

Deputy General Manager  
GBPI & CSR Unit

General Manager  
Industrial Credit Division

- Copy to: 1) The PS to the Honorable Managing Director, BASIC Bank limited, Head Office, Dhaka.  
2) The PS to the all Deputy Managing Director, BASIC Bank Limited, Head Office, Dhaka.  
3) The General Manager (all), BASIC Bank Limited, Head Office, Dhaka.

এসএফডি সার্কুলার নং : ০১

তারিখ : মে ১১, ২০১৬  
বৈশাখ ২৮, ১৪২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর স্থাপনা নির্মাণ ও ব্যবসা কেন্দ্র সম্প্রসারণে  
পরিবেশবান্ধব কার্যক্রম গ্রহণ এবং জলবায়ু ঝুঁকি তহবিলের ব্যবহার প্রসঙ্গে**

বিআরপিডি সার্কুলার নং-০২/২০১১ তারিখঃ ফেব্রুয়ারি ২৭, ২০১১; জিবিসিএসআরডি সার্কুলার নং-০৪/২০১৩ তারিখঃ আগস্ট ১১, ২০১৩ ও জিবিসিএসআরডি সার্কুলার লেটার নং-০৫/২০১৩ তারিখঃ সেপ্টেম্বর ১১, ২০১৩ এর মাধ্যমে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের বরাবরে জারিকৃত পরিবেশবান্ধব ব্যাংকিং নীতিমালার অনুচ্ছেদ ১.৩ অনুসারে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের নিজস্ব অফিস ও স্থাপনা ব্যবস্থাপনায় পরিবেশবান্ধব উদ্যোগ ও কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়েছে। তদুপরি, বাংলাদেশ সরকারের Perspective Plan of Bangladesh 2010-2021 ও National Sustainable Development Strategy বাস্তবায়নে এবং জাতিসংঘ ঘোষিত ও বাংলাদেশ সরকার কর্তৃক গৃহীত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে আর্থিক খাতে টেকসই উন্নয়নে সহায়ক পদক্ষেপ গ্রহণের কোন বিকল্প নেই। এছাড়া, সম্প্রতি National Economic Council এর সভায় মাননীয় প্রধানমন্ত্রী যে কোন ধরনের স্থাপনা নির্মাণে পরিবেশবান্ধব কার্যক্রম (Solid Waste Management System, Rainwater Harvesting, Solar Power Panel) গ্রহণের অনুশাসন প্রদান করেছেন।

২। এপ্রেক্ষিতে, সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে নিজস্ব স্থাপনা নির্মাণ ও ব্যবসা কেন্দ্র সম্প্রসারণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাসমূহ পরিপালন করতে হবেঃ

- ক) নতুন যে কোন স্থাপনা নির্মাণের সময় Solid Waste Management System এবং বৃষ্টির পানি ধরে রাখার (Rainwater Harvesting) ব্যবস্থা রাখতে হবে। নির্মাণ এলাকায় জলাধার বিদ্যমান থাকলে তা অবশ্যই সংরক্ষণ করতে হবে। জলাধার না থাকলে নতুন জলাধার তৈরি করতে হবে যাতে বৃষ্টির পানি ধরে রাখা যায়। এ পানি প্রয়োজনে ব্যবহার করা যাবে এবং জলাবদ্ধতা থেকে রেহাই পাওয়া যাবে।
- খ) নতুন যে কোন স্থাপনা নির্মাণের সময় সৌর বিদ্যুৎ প্যানেল (Solar Power Panel) স্থাপন করতে হবে।
- গ) নতুন শাখা বা ব্যবসায় উন্নয়ন কেন্দ্র যদি ভাড়াকৃত বা ইজারাকৃত স্থাপনায় খোলা হয়, সেক্ষেত্রে, উক্ত স্থাপনায় Solid Waste Management System, Rainwater Harvesting এবং Solar Power Panel থাকতে হবে।
- ঘ) সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের বিদ্যমান সকল নিজস্ব স্থাপনায় ডিসেম্বর ৩১, ২০১৮ (সরকারী মালিকানাধীন ব্যাংকগুলোর ক্ষেত্রে ডিসেম্বর ৩১, ২০২০) এর মধ্যে Solid Waste Management System, Rainwater Harvesting এবং Solar Power Panel স্থাপন করতে হবে।



৩। যেকোন অর্থায়ন (ঋণ ও বিনিয়োগ) ও অনুদান প্রদানের ক্ষেত্রে সম্ভাব্য ঋণগ্রহীতা/সুবিধাভোগী, তাঁর/তাদের অর্থায়ন/অনুদান সংশ্লিষ্ট সকল নতুন স্থাপনায় (অত্র সার্কুলার জারির পর নির্মিত/নির্মীয়মান) Solid Waste Management System এবং Rainwater Harvesting স্থাপন করেছেন কিনা সে বিষয়ে অর্থায়নকারী/অনুদান প্রদানকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানকে নিশ্চিত হতে হবে। এছাড়াও, সরকারী প্রতিষ্ঠানে অর্থায়ন (ঋণ ও বিনিয়োগ) ও অনুদান প্রদানের ক্ষেত্রে সম্ভাব্য ঋণগ্রহীতা/সুবিধাভোগী, তাঁদের অর্থায়ন/অনুদান সংশ্লিষ্ট সকল নতুন স্থাপনায় (অত্র সার্কুলার জারির পর নির্মিত/নির্মীয়মান) Solar Power Panel স্থাপন করেছেন কিনা সে বিষয়ে অর্থায়নকারী/অনুদান প্রদানকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানকে নিশ্চিত হতে হবে।

৪। সরকারী শিক্ষাপ্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) ও সরকারি হাসপাতালসমূহ এবং দেশের তুলনামূলক অনুন্নত, অনগ্রসর ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীকে বিনামূল্যে অথবা অত্যন্ত স্বল্প খরচে শিক্ষা ও চিকিৎসা সেবা প্রদানকারী ও অ-মুনাফাভোগী (Non-for-Profit) প্রতিষ্ঠানে (সরকারীভাবে স্বীকৃত বা নিবন্ধিত) Solid Waste Management System, Rainwater Harvesting এবং Solar Power Panel স্থাপনের জন্য তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো অনুদান (Grant) প্রদান বা হ্রাসকৃত সুদ হারে অর্থায়ন করতে পারবে। এরূপ অনুদান প্রদান বা অর্থায়ন 'জলবায়ু ঝুঁকি তহবিল' এর ব্যবহার হিসেবে পরিগণিত হবে এবং এর হিসাবায়ন জিবিএসআরডি সার্কুলার নং : ০৪/২০১৫ অনুসারে করতে হবে।

৫। ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ (২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হ'ল যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মনোজ কুমার বিশ্বাস)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০৩২০

E-mail: manoj.biswas@bb.org.bd

gm.gbcsrd@bb.org.bd